বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

কার্তিক ০৯, ১৪৩০

এফই সার্কুলার নং ১৮ তারিখ: ---------------------

অক্টোবর ২৫, ২০২৩

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নং ২৩, তারিখ: ডিসেম্বর ১২, ২০০২; এফই সার্কুলার পত্র নং এফইপিডি(কম)২৯১(হিমায়িত মাছ)নীতি/২০০৩-৫৯১, তারিখ: মে ১৮, ২০০৩; এফই সার্কুলার পত্র নং এফইপিডি(কম)২৯১(হিমায়িত মাছ)/নীতি/২০০৩-৬৬১, তারিখ: জুন ০৩, ২০০৩ ও এফই সার্কুলার নং ১৯, তারিখ: অক্টোবর ২৫, ২০১১ এবং এতদ্সংক্রান্ত জারিকৃত সকল সার্কুলার/সার্কুলার পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্তক্রমে জানানো যাচ্ছে যে, হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা প্রাপ্তির আবেদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশনের সদস্য অথবা গভীর সমুদ্র থেকে জলযানে আহরিত ও প্রক্রিয়াজাতকৃত হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ মেরিন ফিসারিজ এসোসিয়েশনের সদস্য প্রতিষ্ঠান হতে হবে। এক্ষেত্রে আলোচ্য পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তার সকল ক্ষেত্রে আবেদনপত্রের সাথে বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন অথবা বাংলাদেশ মেরিন ফিসারিজ এসোসিয়েশন-এর প্রত্যয়নপত্র (ফরম 'ক' অনুসারে) দাখিল করতে হবে। সংশ্লিষ্ট রপ্তানিকারক প্রতিষ্ঠান মৎস্য অধিদপ্তরের যথাযথ লাইসেন্স প্রাপ্ত মৎস্য রপ্তানিকারক প্রতিষ্ঠান হতে হবে।

০৩। সার্কুলার জারির তারিখ থেকে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে বর্ণিত নির্দেশনা কার্যকর হবে।

আলোচ্য খাতে নগদ সহায়তা প্রদান সংক্রান্ত সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩

(অনুচ্ছেদ ০২, এফই সার্কুলার নং ১৮/২০২৩ দ্রষ্টব্য)

ফরম - 'ক'

বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন/বাংলাদেশ মেরিন ফিসারিজ এসোসিয়েশন প্রদেয় প্রত্যয়নপত্র

হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির প্রত্যয়নপত্র

১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর ও ঠিকানা:

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর: তারিখ: মূল্য:

৩। বিদেশি ক্রেতার নাম ও ঠিকানা:

৪। বিদেশি ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা:

৫। (ক) ইনভয়েস নম্বর: তারিখ:

(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ: মূল্য:

৬। রপ্তানিকৃত হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ উৎপাদনে ব্যবহৃত স্থানীয় উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা): পরিমাণ: মূল্য:

৭। রপ্তানিকৃত হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা): পরিমাণ: মূল্য:

৮। রপ্তানি পণ্যের বিবরণ: পরিমাণ: মূল্য:

৯। পণ্য জাহাজীকরণের তারিখ: গন্তব্য বন্দর:

১০। ইএক্সপি নম্বর: মূল্য: তারিখ:

১১। মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়): নীট এফওবি রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়):

১২। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর: তারিখ:

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, দেশে উৎপাদিত এবং নিজস্ব কারখানায় প্রক্রিয়াজাতকৃত হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তার জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশি ক্রেতা/ আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা ও বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণার যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়েছে। ৮ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশি ক্রেতার যথার্থতা ও বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের (নীট এফওবি মূল্য) ওপর নগদ সহায়তা পরিশোধের সুপারিশ করা হলো।

বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন/বাংলাদেশ মেরিন ফিসারিজ এসোসিয়েশন-এর দুইজন
উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সিল

[কোনো প্রকার ঘষামাজা, কাঁটাছেড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]